প্রেস বিজ্ঞপ্তি

নগরীর জনবহুল আলকরণ চত্বরও সৌন্দর্যবর্ধনের আওতায় আসলো

চট্টগ্রাম-২৪ শে জানুয়ারি-২০১৯ ইংরেজী

নগরীর আলকরন মোড়ে সবুজায়নের মাধ্যমে সৌন্দর্যবর্ধন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আজ বৃহস্পতিবার বিকেলে এই সৌন্দর্যবর্ধন কার্যক্রমের উদ্বোধন করেন। নিজস্ব অর্থায়নে এই প্রকল্পের পরিকল্পনা বাস্তবায়ন করেছে স্ক্রীপ্ট ও আদিওস ইঙ্ক। উদ্বোধনকালে কাউন্সিলর তারেক সোলেমান সেলিম, হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুন্নেছা দোভাষ বেবী, নীলু নাগ, চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রধান নগর পরিপরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, স্ক্রীপ্ট এর এনামুল হাসান, আরিফুল হাসান, সোহান মাসুদ, আদিওস ইঙ্ক ও শামীম কর্পোরেশনের পক্ষে মো. আহাদ ও মো. মেহাম্মদ ইসমাইল প্রমুখ উপস্থিত ছিলেন। সিটি মেয়রের ভিশন ক্লিন ও গ্রিন সিটির বাস্তবায়নের লক্ষ্যে নগরীর সবচেয়ে গুরুত্বপূর্ণ সড়ক নিউ মার্কেট থেকে আমতলা,জিপিও,রেলওয়ে স্টেশন এবং সিটি কলেজ সড়কের সৌন্দর্যবর্ধন ও সবুজায়নের কাজ সম্পাদনের লক্ষে স্ক্রীপ্ট ও আদিওস ইঙ্ক নামক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের। তারই ধারাবাহিকতায় আলকরন চত্বরকে দৃষ্টি নান্দনিক রূপ দান করা হয়েছে। এই সৌন্দর্যবর্ধনে প্রকল্পের সবুজায়নের আওতায় নান্দনিক স্থাপত্যের পাশাপাশি রয়েছে গাছপালা ও নানা রকম বাহারী ফুলের বাগান। রয়েছে আলোকায়নের ব্যবস্থাও। উদ্বোধনকালে মেয়র বলেন, সবুজায়নের আওতায় পুরো চট্টগ্রাম নগরীকে ফুল গাছ ও বৃক্ষরোপনের মাধ্যমে সাজানো হবে। নগরীকে গ্রীন ও ক্লিন সিটিতে পরিণত করতে নগরীর যে সকল গুরুত্বপূর্ণ মোড়ে ময়লা আবর্জনার স্তুপ ও ভবঘুরদের উৎপাত ছিল সেগুলোকে পর্যায়ক্রমে নাগরিক উপযোগী করে গড়ে তোলা হচ্ছে। ইতোমধ্যে নগরীর বেশ কয়েকটি মোড়ে এই সৌন্দর্যবর্ধন কাজের সফল সমাপ্তি আমরা করেছি। ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে নগরীর সৌন্দর্য। এরই অংশ হিসেবে আলকরন মোড়ের এই সৌন্দর্যবর্ধন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এই ধরনের উদ্যোগের ফলে নগরীর ফুটপাত,আইল্যান্ডগুলো পরিবেশ বান্ধব,নগরবাসী ও পথচারীদের চলাচল উপযোগী হয়ে উঠবে। মেয়র বলেন এ ধরনের স্থানগুলোতে নগরবাসী চাইলে যান্ত্রিক জীবনের বাইরে গিয়ে একটু বিশ্রাম ও বিনোদনের জন্য নির্মল পরিবেশে সময় অতিবাহিত করতে পারবেন। সিটি মেয়র সৌন্দর্যবর্ধন করা এই স্পটগুলোর রক্ষনাবেক্ষনে নগরবাসীর সহযোগিতা কামনা করেন। উদ্বোধন শেষে মেয়র দেশ ও জাতির সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

প্রেস বিজ্ঞপ্তি

সরকারের রূপকল্প বাস্তবায়নে অস্বচ্ছল শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা দেবে চসিক

চট্টগ্রাম-২৪শে জানুয়ারি-২০১৯ ইংরেজী

নগরীর বক্সীর হাট ওয়ার্ডে অস্বচ্ছল মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেলে খাতুনগঞ্জ এ্যাপোলো সেন্টারস্থ রাস্তায় এ কম্বল বিতরণ করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন। স্বাগতিক ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কাউন্সিলর হাসান মুরাদ বিল্পব। এই উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য সিটি মেয়র বলেন দারিদ্রতা থেকে মুক্তির একমাত্র মাধ্যম হলো শিক্ষা। এই শিক্ষার জন্য মা-বাবাকে ত্যাগ স্বীকার করতে হবে। স্কুলে যাওয়ার যাদের বয়স হয়েছে তাদেরকে নিকটস্থ প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করিয়ে দেয়ার জন্য সন্তানের অভিভাবকদের প্রতি আহবান জানিয়েছেন সিটি মেয়র । তিনি বলেন, যাদের ভর্তির টাকা পয়সা নেই,অস্বচ্ছল-দরিদ্র তাদের শিক্ষা এবং সরকারের রূপকল্প-২০৪১ বাস্তবায়নে কর্পোরেশনের পক্ষ থেকে তাদেরকে শিক্ষা সহায়তা দেয়া হবে। এই প্রসংগে মেয়র বলেন, আপনাদের সন্তানদের সঠিকভাবে শিক্ষার জন্য স্কুলে পাঠান,তারা যেন মানুষের মতো মানুষ হয়ে মানুষের মঙ্গল ও দেশের কাজে নিয়োজিত হতে পারে। আমাদের সন্তানরা কারো কাছ মাথা নিচু না করে উঁচু করে দেশ বিদেশে দেশের সুনাম অর্জন করতে পারে। সন্তানরা যদি মন্দ কাজ না করে, তাহলে তারা উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে দেশ জাতির সমৃদ্ধিতে অংশীদার হতে পারবে। মেয়র অভিভাবকদের উদ্দেশ্য বলেন,আপনি দারিদ্রতার জন্য পড়া -লেখা করতে পারেন নি সেক্ষেত্রে আপনি সরকারের গৃহীত সমাজিক সুরক্ষা নীতি গ্রহন করে আপনার সন্তানকে পড়া-লেখা করান। এতে প্রথম শ্রেনী থেকে উচ্চ মাধ্যমিক পর্যন্ত উপবৃত্তি কর্মসুচি চালু রয়েছে। এই উপবৃত্তির টাকা দিয়ে আপনার সন্তান লেখা পড়া শেষ করতে পারবে। এই ভাবে বর্তমান সরকার দেশের জনগোষ্ঠিকে শতভাগ শিক্ষিত করার উদ্যোগ নিয়েছে। সরকারে উদ্যোগ সফল হলে দেশের আর কোনো দরিদ্র থাকবে না। এই কাজটি ইনশাল্লাহ আগামী পাঁচ বছরের মধ্যে সম্ভব হবে বলে মেয়র প্রত্যাশা করেন। পরে মেয়র অস্বচ্ছল মানুষের হাতে কম্বল তুলে দেন।

প্রেস বিজ্ঞপ্তি

এনায়েত - আনিস কর আইনজীবি সমন্বয় পরিষদকে বিজয়ী করার আহবান মেয়রের

চট্টগ্রাম-২৪ শে জানুয়ারি-২০১৯ ইংরেজী

আগামী ৩রা ফেব্রুয়ারি অনুষ্ঠিত হতে যাচ্ছে চট্টগ্রাম কর আইনজীবি সমিতি নির্বাচন -২০১৯ । এই নির্বাচন উপলক্ষে সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদের নেতৃবৃন্দ ও মনোনীত প্রার্থীরা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন সাথে মতবিনিময় করেন। সিটি কর্পোরেশন কনফারেন্স হলে অনুষ্ঠিত এ সাক্ষাতকালে কর আইনজীবি নেতৃবৃন্দ জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নীতি ও আর্দশের ধারক বাহক সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদের মনোনীত প্রার্থীগনকে বিজয়ী করতে সিটি মেয়রের সার্বিক সহযোগিতা কামনা করেন। সহযোগিতা চেয়ে বক্তব্য রাখেন আলহাজ্ব মোহাম্মদ ইউনুচ,আলহাজ্ব মোহাম্মদ ইদ্রিস,আলহাজ্ব বদিউদজ্জামান,আলহাজ্ব আখতার উদ্দিন,জয়শান্ত বিকাশ বড়ুয়া,এড. আকতার হোসেন,আলহাজ্ব কে এম জয়নাল আবেদীন,আলহাজ্ব মোঃ আনিনুর রহমান,নুরুল কায়সার বেলাল,আলহাজ্ব মোঃ রফিকুল ইসলাম,মোহাম্মদ শাহাদাৎ হোসেন,আনোয়ার হোসেন,ফিরোজ ইফতেখার,ও হাসান মিয়া প্রমুখ । এই সময় সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদের মনোনীত প্রার্থীদের মধ্যে উপস্থিত ছিলেন মোহাম্মদ মনজুর কাদের চৌধুরী,লিটন মিত্র,মোহাম্মদ বাহার উদ্দিন, এড.ইব্রাহিম মোহাম্মদ খলিলুর রহমান,মোঃ রাসেদুল হাসান (রাসেল),পরিতোষ কুমার দে,মোঃআবসারুল হক, এড. আনিস ইফতেখার, মোহাম্মদ হুমায়ুন কবির, হাসিবুল হাসান চৌধুরী,রজত সাহা রনি,সুভাস চন্দ্র বোস ও এড.সঞ্জীবন চন্দ্র সরকার প্রমুখ ।সাক্ষাতকালে সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদের নেতৃবৃন্দ সিটি মেয়রকে ফুলেল শুভেচ্ছা জানান এবং তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। সভায় প্রারম্ভে সিটি মেয়রের নিকট সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদ নেতৃবৃন্দ নিজ নিজ পরিচিতি হন।

বৈঠকে মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন বলেন আইনজীবিগন জাতির বিবেক ও অগ্রসর সমাজ। জাতির বিভিন্ন গুরুত্বপুর্ণ ক্ষেত্রে বিশেষ করে রাজস্ব আহরনের ক্ষেত্রে কর আইনজীবিগন জোরালো ভুমিকা পালন আসছে। এই জাতীয় সংগঠনই মাননীয় প্রধান মন্ত্রীর স্বপ্ন তথা রুপকল্প-২০৪১ বাস্তবায়নে মুক্তিযুদ্ধের পক্ষের সংগঠনকে বিজয়ী করা অপরিহার্য। এই লক্ষে চট্টগ্রাম কর আইনজীবি সমিতি নির্বাচন-২০১৯-এ সম্মিলিত কর আইনজীবি সমন্বয় পরিষদ মনোনীত প্রার্থী এনায়েত-আনিস পরিষদকে বিজয়ী করার জন্য চট্টগ্রাম বার আইনজীবি ও কর আইনজীবিদেরকে ভোট দিয়ে বিজয়ী করার আহবান জানান মেয়র। এই ব্যাপারে তার করণীয়াদি সম্পর্কে সজাগ রয়েছেন কর আইনজীবি নেতৃবৃন্দরকে অবহিত করেন।

চট্টগ্রাম ওয়াসা রোড কাটিং বাবদ প্রায় ৫ কোটি টাকার চেক দিলেন সিটি মেয়রের হাতে

চট্টগ্রাম-২৪ শে জানুয়ারি-২০১৯ ইংরেজী

চট্টগ্রাম ওয়াসা পাইপ লাইন স্থাপন কর্মসূচির আওতায় নগরীর রোড কাটিং এর জন্য ক্ষতিপূরণ বাবদ আজ বৃহস্পতিবার দুপুরে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন দপ্তরে চট্টগ্রাম ওয়াসার এমডি প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ ৫ কোটি টাকার একটি চেক মেয়রের নিকট হস্তান্তর করেন। এসময় চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহি উদ্দিন আহমদ সহ চসিক ও চট্টগ্রাম ওয়াসার কর্তৃপক্ষের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন